# বস্তি উন্নয়ন ও সমাজকল্যাণ বিভাগ

নারায়ণগঞ্জ আপনার শহর, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন আপনার প্রতিষ্ঠান। এ শহরে নানা শ্রেণি, পেশা ও ধর্মের মানুষ বাস করেন। এ সকল বিষয় বিবেচনা করে নগরীর ভৌত অবকাঠামো উন্নয়নের পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, সামাজিক সম্প্রীতি দৃঢ়করণের জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিজস্ব অর্থায়নের পাশাপাশি অন্যান্য সরকারী দপ্তর ও বিভিন্ন দাতা সংস্থার সহযোগিতায় এ সকল কর্মসূচী বাস্তবায়ন করছে।

**(ক) আর্থ-সামাজিক উন্নয়ন**

- সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত বিভিন্ন বস্তি ও নিম্ন আয়ের নাগরিকদের সমন্বয়ে ১৯৪৭টি প্রাথমিক দল গঠন করা হয়েছে। এছাড়াও ১৮৭টি সিডিসি গঠন করা হয়েছে, যার আওতায় মোট- ৪৪৪১৪টি পরিবারকে সংগঠিত করা হয়েছে।
- প্রতিটি দলের সদস্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়ন সাধনের লক্ষে সহজ শর্তে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে।
- দলের সদস্যদের পুঁজি গঠনের জন্য মাসিক স্ব-নির্ধারণী পদ্ধতিতে মোট ৩ কোটি ৪৭ লক্ষ ৬১ হাজার ৯২৩ টাকা সঞ্চয় হিসাবে জমা করা হয়েছে এবং এ সঞ্চয় হতে ৬ কোটি ৩৩ লক্ষ ৮৫ হাজার ১১৯ টাকা ঋণ প্রদান করা হয়েছে।
- ১৮১১ জন হতদরিদ্র ছাত্র-ছাত্রীকে শিক্ষা সহায়তা বাবদ ৯২ লক্ষ ৪১ হাজার ০৪৪ টাকা প্রদান করা হয়েছে।
- CHDF-এর আওতায় ৯৮ জন হতদরিদ্র পরিবারকে গৃহ সংস্কারের জন্য মোট ১ কোটি ৯৪ লক্ষ টাকা সহজ শর্তে ঋণ প্রদান করা হয়েছে এবং চলতি অর্থবছরে আরো ২০ জনকে ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হবে।
- ১৯৪৭ জন হতদরিদ্র মহিলার মাঝে ব্যবসা-বাণিজ্য করে জীবিকা নির্বাহ করার লক্ষে ১ কোটি ৯৪ লক্ষ ৫১ হাজার ৪২৮ টাকা মূলধন হিসেবে থোক বরাদ্দ প্রদান করা হয়েছে।
- ডিজিটাল স্বাস্থ্যসেবা ও ক্ষুদ্র স্বাস্থ্য বীমা কার্যক্রমের আওতায় ১৫৭০০ জনকে সেবা দেয়া হচ্ছে।

অবকাঠামোগত উন্নয়নের জন্য ১০৩০.০৮ লক্ষ টাকা ব্যয়ে ৭৮৬১ মিটার ড্রেন, ১০১৬১ মিটার ফুটপাত, ৪৬টি কমিউনিটি ওয়াসরুম/গোসলখানা, ২টি কমিউনিটি ল্যাট্রিন, ৮৩টি টুইন পিট ল্যাট্রিন, ৮৩টি কমিউনিটি ওয়াসরুম/গোসলখানা, CRMIF এর আওতায় ৩৬০.৪৯মিঃ ফুটপাত, ৩৩০ টি কমিউনিটি ল্যাট্রিন, জলবায়ু সহিষ্ণু অবকাঠামো তহবিলের আওতায় ৬৮৮.৫৮৫ মিটার বিশেষ ড্রেন নির্মাণ এবং ১২২টি গভীর নলকূপ ও ৪৮৪ টি পানির ডিস্ট্রিবিউশন পয়েন্ট স্থাপন করা হয়েছে।

**(খ) নারীর ক্ষমতায়ন**

- প্রান্তিক জনগোষ্ঠীকে সংগঠিত করে ১৯৪৭টি প্রাথমিক দল গঠন করা হয়েছে যার মধ্যে ১৮২৭টি মহিলা দল।
- নির্বাচনের মাধ্যমে এ সংগঠনগুলোকে ৯৩৫ জন সিডিসি, ৭০ জন ক্লাস্টার, ৯ জন ফেডারেশন



এবং ৯ জন CHDF লিডার নির্বাচিত হয়েছে, যারা প্রান্তিক জনগোষ্ঠীর নেতৃত্ব দিচ্ছে।

- এ প্রকল্পের মাধ্যমে ১৯৪৭ জনকে ব্যবসায় সহায়তা, ৪৮৬ জনকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ১৯২ জনকে সেলাই প্রশিক্ষণ এবং ১৫০০ জনকে শিক্ষা সহায়তা প্রদান করা হয়।
- নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে ১০টি Safe Community Committee গঠন করা হয়েছে এবং তাদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ৪৫০ জন কিশোরীর ১১ লক্ষ টাকা ব্যয়ে পুষ্টি ও স্বাস্থ্য সচেতন ও সুরক্ষা বিষয়ক স্বাস্থ্য শিক্ষা ও উপকরণ সরবরাহ করা হয়েছে।
- এছাড়া ১৮৮৫ জন গর্ভবতী মহিলা ও শিশুদের পুষ্টি খাদ্য সহায়তা বাবদ ১ কোটি ২৩ লক্ষ ৯৫ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া ৭৫০ জন দুগ্ধদানকারী মায়ের জন্য ৪৪ লক্ষ টাকার কার্যক্রম চলমান আছে।
- ১৫ জন যুব মহিলাকে আত্মরক্ষামূলক কারাতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২০২৩-২৪ কমিউনিটি সংগঠনের নেত্রী-জয়িতা নির্বাচিত হয়েছেন।

### (গ) সরকারের বিভিন্ন কার্যক্রম

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা, ২০২২ মোতাবেক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন শ্রেণি পেশার গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে ৮০জন সদস্য নিয়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠন করা হয়েছে; যার সভাপতি মাননীয় মেয়র, ডা. সেলিনা হায়াৎ আইভী। এই সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয় এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নিশ্চিত করার লক্ষ্যে ২৭টি ওয়ার্ডে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠন করা হয়েছে; যার ত্রৈমাসিক সভা প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

### (ঘ) সামাজিক নিরাপত্তা কর্মসূচী

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও সমাজসেবা অধিদপ্তরের সহযোগিতায় সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়ন করছে। এ কর্মসূচীর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ১১৭৬জনকে বয়স্ক ভাতা, ৫৭৯জনকে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়েছে এবং সমাজসেবা অধিদপ্তরের সহযোগিতায় ৪২জন ক্যান্সার/কিডনি/লিভার সিরোসিস আক্রান্ত রোগীরদের ৫০,০০০/- টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপবৃত্তি প্রদান করা হয়।

### (ঙ) মা ও শিশু সহায়তা কর্মসূচী

সুস্থ জাতি গঠনে মহিলা অধিদপ্তর ও জেলা প্রশাসনের সহযোগিতায় ২০২৩-২৪ অর্থবছরে ১৩১৪জন গর্ভবতী মা'কে ভাতা প্রদান করা হয়েছে। এ কর্মসূচী হতে প্রত্যেক মা ৩ বছর (মাসিক ৮০০/- টাকা হিসাবে) পর্যন্ত সরাসরি আর্থিক সহযোগিতা পাবেন। এ কার্যক্রম নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে বর্তমানেও চলমান রয়েছে।



**(চ) TCB কার্যক্রম**

মাননীয় প্রধানমন্ত্রী'র নির্দেশনা মোতাবেক নিম্ন আয়ের মানুষের মাঝে ফ্যামিলি কার্ডের মাধ্যমে ভর্তুকি মূল্যে টিসিবি'র পণ্য বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সে প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১১৫০০০টি পরিবারের মাঝে টিসিবি'র ফ্যামিলি কার্ড প্রদান করা হয়েছে। এই ফ্যামিলি কার্ডের মাধ্যমে প্রতি মাসে ১১৫০০০টি পরিবার ন্যায্য মূল্যে (চাল, ডাল, তেল, চিনি) ইত্যাদি পণ্য ক্রয় করতে পারে। এই TCB কার্যক্রম বাণিজ্য মন্ত্রণালয়, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), খাদ্য অধিদপ্তর এবং জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সহযোগিতায় বাস্তবায়ন করা হয়ে থাকে।



সনাতন ধর্মালম্বীদের প্রধান উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ৫১টি পূজামণ্ডপে অনুদান প্রদান।



মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বিশেষ সহায়তা হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাপ্ত আর্থিক সহায়তার চেক বিতরণ





‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ’ শীর্ষক কার্যক্রমের আওতায় ‘সফল জননী নারী’ ক্যাটাগরিতে নারায়ণগঞ্জ জেলা ও সদর উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতা হিসেবে নারায়ণগঞ্জ টাউন ফেডারেশনের চেয়ারপার্সন সালমা সুলতানা



সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটির (CLCC) সভা





১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শিশু সমাবেশ, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও আলোচনা সভা।



কলরব কিন্ডারগার্টেনের বই বিতরণ উৎসব ও নবীন বরণ ২০২৪



# প্রকৌশল বিভাগ

বিগত ১৪ নভেম্বর ২০২৩ তারিখ গণভবন থেকে ভিডিও কনফারেরেন্সের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত ১০টি উন্নয়ন প্রকল্প শুভ উদ্বোধন করা হয়।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের উদ্বোধনকৃত প্রকল্পসমূহ হচ্ছে; (১) নগর ভবন, প্রকল্প ব্যয় ৯৭.৫৭ কোটি; (২) শেখ রাসেল পার্ক, প্রকল্প ব্যয় ৫৪.৬৭ কোটি; (৩) বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত পাইকপাড়া মিউচুয়েল ক্লাব, প্রকল্প ব্যয় ১.৫৫ কোটি; (৪) বাবুরাইল খাল পুনঃখনন ও সৌন্দর্যবর্ধন, প্রকল্প ব্যয় ১৭১.১৯ কোটি; (৫) সিদ্ধিরগঞ্জ খাল পুনঃখনন ও সৌন্দর্যবর্ধন, প্রকল্প ব্যয় ৯১.৮৮ কোটি (৬) পাক-পাঞ্জাতন সিটি জামে মসজিদ, প্রকল্প ব্যয় ৮.৬৯ কোটি (৭) আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন, প্রকল্প ব্যয় ২৬.৩৩ কোটি; (৮) কলরব কিন্ডারগার্টেন, প্রকল্প ব্যয় ৪.১১ কোটি; (৯) সিটি ওয়েলফেয়ার মাঠ, প্রকল্প ব্যয় ২.৫২ কোটি; ও (১০) সোনাকান্দা মাঠ, প্রকল্প ব্যয় ২.২৮ কোটি টাকা। এ ১০টি প্রকল্পে মোট ব্যয় হয়েছে ৪৬০ কোটি ৭৯ লক্ষ টাকা। (এনসিসির নিজস্ব ১৬৭ কোটি ৮১ লক্ষ এবং জিওবি ২৯২ কোটি ৯৮ লক্ষ টাকা)।

উদ্বোধনী অনুষ্ঠানে নগর ভবনের অডিটোরিয়ামে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ-৫ আসনের মাননীয় সংসদ সদস্য এ কে এম সেলিম ওসমান, নারায়ণগঞ্জ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য এ কে এম শামীম ওসমান, নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য নজরুল ইসলাম বাবু, নারায়ণগঞ্জ-৩ আসনের মাননীয় সংসদ সদস্য লিয়াকত হোসেন খোকা, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, বীর মুক্তিযোদ্ধা, নারায়ণগঞ্জ জেলা ও মহানগর আওয়ামী লীগের নেতৃবৃন্দ, বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক নেতৃবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সরকারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ।

নারায়ণগঞ্জ প্রাচ্যের ডান্ডি (Dundee) খ্যাত ঐতিহ্যবাহী শিল্পসমৃদ্ধ, বন্দর এবং বাণিজ্যিক নগরী। নারায়ণগঞ্জের শিল্প ও অর্থনৈতিক গুরুত্ব বিবেচনা করে মাননীয় প্রধানমন্ত্রী ২০১১ সালে নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভাকে একীভূত করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ঘোষণা করেন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ পরবর্তী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে রূপরেখা ও নির্দেশনায় অনুপ্রাণিত হয়ে ২০১১ সাল হতে অদ্যাবধি নারায়ণগঞ্জ নগরীকে একটি পরিবেশ বান্ধব, পরিচ্ছন্ন, সুস্থ, নিরাপদ ও দারিদ্রমুক্ত পরিকল্পিত নগরী হিসেবে গড়ে তুলতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিবিড়ভাবে কাজ করে যাচ্ছেন। উদ্বোধনকৃত প্রকল্পগুলো নগরীর শিক্ষা, সংস্কৃতি, ঐতিহ্য, গণপরিসর এর প্রসার, ধর্মীয় সংস্কৃতি, পরিবেশ-প্রতিবেশ সংরক্ষণ এবং জলবায়ু সহনশীল বাসযোগ্য নগরী গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা হওয়ার পর থেকে এ পর্যন্ত মোট ৭২টি মাসিক সভায় ২৮০৫টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়েছে। তন্মধ্যে ২০৭৮টি গৃহীত প্রকল্পের বিপরীতে ৩০৮৩ কোটি ৮২ লক্ষ ৮৪ হাজার টাকার দরপত্র আহ্বান করা হয়েছে। ইতিমধ্যে ২৫৫৫ কোটি ৯২ লক্ষ টাকার কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রকল্পের কাজ চলমান আছে।



**“নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা” শীর্ষক প্রকল্প**

বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং স্বাস্থ্যসম্মত উপায়ে সংগ্রহ ও অপসারণ করার জন্য প্রায় ৩৩৪.৫২ কোটি টাকা ব্যয়ে “নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা” শীর্ষক

প্রকল্পের অধীনে জালকুড়িতে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড নির্মাণের লক্ষ্যে প্রায় ২৯৯.৩১ কোটি টাকা ব্যয়ে ২৩.২৯ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। উক্ত স্থানে বৈজ্ঞানিক উপায়ে পরিবেশ সম্মত কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনার জন্য Sanitary landfill করা হবে এবং বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে।

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন**

নারায়ণগঞ্জ নগরীর কঠিন বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকীকরণ ও পরিচ্ছন্ন নগরী বিনির্মাণে জিওবি অর্থায়নে প্রায় ৩০১.৩৫ কোটি টাকা ব্যয়ে ৬৯.৮৭ একর ভূমি অধিগ্রহণ ও উন্নয়নসহ বাউন্ডারি ওয়াল, যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় "কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে। ইতিমধ্যে ভূমি অধিগ্রহণের জন্য ৭ ধারা নোটিশ জারি করা হয়েছে এবং প্রকল্পের সার্বিক অগ্রগতি ৬০.০০%।

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্ন কর্মী নিবাস নির্মাণ**

পরিচ্ছন্ন কর্মীদের আবাসন সমস্যা লাঘব ও তাদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্ন কর্মী নিবাস নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের যৌথ অর্থায়নে প্রকল্প ব্যয় বৃদ্ধি করে ১৩৪ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তাবিত ৫৪৯টি ফ্ল্যাট এর মধ্যে ৩৬৯ টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। ইতিমধ্যে ১৭নং ওয়ার্ডস্থ ঋষিপাড়ায় ৩টি ভবনে ২৬১টি ফ্ল্যাট এবং ১২নং ওয়ার্ডস্থ ইসদাইরে ২টি ভবনে ১০৮টি ফ্ল্যাট আধুনিক সুযোগ সুবিধা নিশ্চিত করে সেবকগণের বসবাসের উপযোগী করে নির্মাণ করা হয়েছে এবং ইতিমধ্যে সেবকগণ বসবাস শুরু করেছেন। এছাড়া ১৫নং ওয়ার্ডস্থ টানবাজারে ২টি ভবনের নির্মাণ প্রক্রিয়া চলমান এবং প্রকল্পের অগ্রগতি ৭৩.০০%।

**Local Government COVID-19 Response & Recovery**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে বিশ্বব্যাংক সহায়তাপুষ্ট Local Government COVID-19 Response & Recovery (LGCRRP) প্রকল্পের আওতায় রাস্তা, ড্রেন, কবরস্থান ও পার্ক নির্মাণ কাজ চলমান। ১ম পর্যায়ে ৫টি ও ২য় পর্যায়ে ৯টিসহ সর্বমোট ১৪টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে যার প্রাক্কলিত ব্যয় ৭৩.০০ কোটি টাকা। প্রকল্পের অগ্রগতি ৪৫%।

**আরবান ডেভেলপমেন্ট এন্ড সিটি গভারনেন্স প্রকল্প (UDCGP)**

LGED-JICA সহায়তাপুষ্ট প্রকল্প UDCGP এর আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ১৪টি উপ-প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় আগামী ২০২৪-২৫ অর্থ বছরে মোট ৫৯৩ কোটি ২২ লক্ষ টাকার উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হবে। প্রকল্পসমূহের মধ্যে পানি নিষ্কাশনের জন্য ড্রেন, ওপেন স্পেস, খেলার মাঠ, স্যানিটারি ল্যান্ডফিল, কমিউনিটি সেন্টার, খাল, পুকুর ও পাবলিক প্লেস পুনঃউদ্ধারসহ ও সংস্কার করা হবে। এ প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পানি সরবরাহ ব্যবস্থার উন্নতির জন্য পাম্প সংস্কার, IBF পদ্ধতিতে নতুন পাম্প স্থাপন ও পানি সরবরাহ ব্যবস্থাপনার উন্নতিসাধন করা হবে। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় একই অর্থ বছরে বঙ্গবন্ধু সড়কের উভয় পার্শ্বে ড্রেনের উন্নয়নসহ শহরের পানি নিষ্কাশন ও জলাবদ্ধতার স্থায়ী নিরসনের জন্য ২ (দুই)টি উপ-প্রকল্প



গ্রহণ (D1 & D2) করা হয়েছে এবং যুবসমাজের ও স্কুলগামী শিক্ষার্থীদের সুস্বাস্থ্যের কথা বিবেচনা করে আলী আহম্মদ চুনকা স্টেডিয়ামকে সংস্কার ও উন্নয়ন করার লক্ষ্যে মোট ৫৯ কোটি ৩১ লক্ষ টাকার উপ-প্রকল্প ২০২৪-২৫ অর্থ বছরে বাস্তবায়ন করা হবে। প্রকল্পের আওতায় গৃহীত অন্যান্য উপ-প্রকল্পের কাজগুলো ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে।

**কদমরসুল সেতু**

নারায়ণগঞ্জবাসীর বহুল প্রতীক্ষিত শীতলক্ষ্যা নদীর উভয় পাশের মানুষের যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রায় ৭৩৫.১৮ কোটি টাকা ব্যয়ে কদমরসুল ব্রিজ নির্মাণকল্পে ইতোমধ্যে ৪টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করেছে এবং প্রাপ্ত দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। কার্যাদেশ প্রদানের লক্ষ্যে CCGP (Cabinet committee on Government Purchase) এর অনুমোদনের জন্য LGED কর্তৃক ক্রয় প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হচ্ছে। উল্লেখ্য, প্রস্তাবিত ব্রিজের দৈর্ঘ্য ১৩৮৫ মিটার, প্রস্থ ১২.৫ মিটার, মূল ব্রিজ ৩৮০ মিটার, এপ্রোচ রোড ৩.৫০ কি.মি.। যা নগরীর দু'প্রান্তকে সংযুক্তির মাধ্যমে দুপাড়ের পারাপারের দীর্ঘদিনের আকাঙ্ক্ষা পূরণ করবে এবং জনজীবনে ব্যাপক স্বস্তি ও স্বনির্ভরতা বয়ে আনবে। প্রত্যাশা করা হয় বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক (ব্যক্তি ও সংস্থা) নানাবিধ প্রতিবন্ধকতা না থাকলে আশা করছি নির্ধারিত সময়ের মধ্যে ব্রিজের নির্মাণ কাজ শেষ করা সম্ভব হবে।

**বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মোট ৪টি প্রকল্প চলমান**

নগরবাসীর সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে (০১) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা, (০২) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন, (০৩) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মী নিবাস নির্মাণ, (০৪) Local Government COVID-19 Response & Recovery.

**স্বাস্থ্য সচেতনতা, সামাজিক বন্ধন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় খেলার মাঠ নির্মাণ, উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প**

- চিত্তরঞ্জন খেলার মাঠ বাউন্ডারী ওয়াল, গোলপোষ্ট, ক্লাবভবন, দর্শকগ্যালারি, ষ্টেজ, পাবলিক টয়লেট, পাম্প স্থাপন, ওয়ার্ড-১০
- জালকুড়ি পূর্বপাড়া প্রাথমিক ও আদর্শ উচ্চ বিদ্যালয় খেলার মাঠ উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-৯
- মদনগঞ্জ ওয়েলফেয়ার মাঠের অবশিষ্টাংশ উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-১৯
- মদনগঞ্জ ঈদগাহ মাঠ অবশিষ্টাংশ নির্মাণ ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-১৯
- মাহমুদনগর অবশিষ্টাংশ খেলার মাঠ ও কবরস্থান, ওয়ার্ড-২০
- সোনাকান্দা স্পোর্টস কমপ্লেক্স, ওয়ার্ড-২০
- সোনাকান্দা খেলার মাঠ অবশিষ্টাংশ নির্মাণ ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-২০
- লক্ষণখোলা পার্ক নির্মাণ ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-২৫
- লক্ষণখোলা কমিউনিটি সেন্টার নির্মাণ, ওয়ার্ড-২৫



সিটি কর্পোরেশনের মধ্যে অবস্থিত বীর মুক্তিযোদ্ধাদের জন্য কবরস্থান নির্মাণ, পুকুর, খালগুলোকে পুনঃখনন, সংস্কার, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্পগুলো প্রণয়ন করা হয়েছে। এর ফলে নগরবাসীর দীর্ঘদিনের গণপরিসরের চাহিদা পূরণ হবে। খালগুলো অতিরিক্ত বৃষ্টির পানি ধারণের জন্য সংরক্ষিত জলাধার হিসেবে কাজ করবে। অপরদিকে অগ্নিকাণ্ড নির্বাপনের জন্য পানি সরবরাহের উৎস হিসেবে মুখ্য ভূমিকা পালন করবে।

- ধনুহাজী ঈদগাহ কবরস্থান উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন ওয়ার্ড-১
- মিজমিজি পশ্চিমপাড়া কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মান, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন, আলোকিতকরণ ৮ শতাংশ ভূমি মাটি দ্বারা উন্নয়ন ওয়ার্ড-২
- মিজমিজি পশ্চিমপাড়া নতুন মসজিদ নির্মান ও ৯ শতাংশ ভূমি মাটি দ্বারা উন্নয়ন ওয়ার্ড-২
- সাহেবপাড়া কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মান ও ৩০ শতাংশ ভূমি মাটি দ্বারা উন্নয়ন ওয়ার্ড-২
- মুক্তিনগর কবরস্থানের উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন ওয়ার্ড-৩
- নিমাইকাশারী নিমাই পুকুর উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন ওয়ার্ড-৩
- মজুমদার খাল সংস্কার করন ওয়ার্ড-৪
- সিদ্ধিরগঞ্জ শ্মশান উন্নয়ন ও সৌন্দর্যবর্ধন ওয়ার্ড-৫
- জালকুড়ি বীর মুক্তিযোদ্ধাদের জন্য কবরস্থান নির্মাণ, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ ওয়ার্ড-৯
- জালকুড়ি উত্তর পাড়া আন্ধা পুকুর সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ ওয়ার্ড-৯
- গঞ্জেআলী খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ ওয়ার্ড-১১
- বাবুরাইল খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ (শীতলক্ষ্যা থেকে ধলেশ্বরী নদী পর্যন্ত ২.৮ কি.মি)
- সিদ্ধিরগঞ্জ লেক অবশিষ্টাংশ সংস্কার, সৌন্দর্যবর্ধন, সবুজায়ন ও আলোকিতকরণ (৫.২ কি.মি)
- মদনগঞ্জ খাল অবশিষ্টাংশ পুনঃখনন, ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্যবর্ধন, ওয়ার্ড-১৯
- সোনাকান্দা অবশিষ্টাংশ খাল সংস্কার ও উন্নয়ন, ওয়ার্ড-২০
- ত্রিবেণী অবশিষ্টাংশ খাল সংস্কার ও উন্নয়ন, ওয়ার্ড-২১
- লুহিয়া খাল পুনঃখনন, ওয়াকওয়ে নির্মাণ, সৌন্দর্যবর্ধন ও আলোকিতকরণ, ওয়ার্ড-২৪
- লক্ষণখোলা খাল সংস্কার ও উন্নয়ন, ওয়ার্ড-২৫
- কুটিরবন খাল সংস্কার ও উন্নয়ন, ওয়ার্ড ২৬-২৭
- হরিপুর মুরাদপুর খাল সংস্কার ও উন্নয়ন, ওয়ার্ড-২৭

নিজস্ব অর্থায়নে ২০১১-২০১২ হতে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত ৫৮৭ কোটি ৮৮ লক্ষ ১০ হাজার টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে, গৃহীত এ প্রকল্প সমূহের বিপরীতে ৪২৩ কোটি ২৪ লক্ষ ৮৯ হাজার টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। গত অর্থবছরে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ৬২ কোটি ৭৫ লক্ষ টাকা। বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ৬৬ কোটি ৯২ লক্ষ টাকা। এছাড়া চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পে শর্তানুযায়ী ম্যাচিং ফান্ডে ২২ কোটি ৮০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। নিজস্ব অর্থায়নে এ প্রকল্প বাস্তবায়নে সফলতার দাবীদার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সম্মানীত নাগরিকবৃন্দ।



নগরবাসীর কাঙ্ক্ষিত চাহিদা সিটি কর্পোরেশনের সীমিত আয়ের মাধ্যমে পূরণ করা কষ্টসাধ্য। এরপরেও তাদের কাঙ্খিত চাহিদা পূরণকল্পে সরকারি বরাদ্দ প্রাপ্তির চেষ্টা অব্যাহত রয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সবুজ পাতায় অন্তর্ভূক্ত সম্ভাব্য বাস্তবায়নাধীন প্রকল্প সমূহ নিম্নরূপ:

| ক্র: নং | প্রকল্পের নাম | সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন | ৪১২.৪০ |
| ২। | শেখ হাসিনা মাল্টিপারপাস কমপ্লেক্স নির্মাণ | ১৪৫.৯১ |
| ৩। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে ভূমি অধিগ্রহণসহ বাস ও ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্প | ৪৬৮.২৩ |
| ৪। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এলাকাধীন জলাশয়, ধর্মীয়স্থান ও গণ পরিসর সংরক্ষণ ও উন্নয়ন | ৫৬০.৬৮ |
| ৫। | Narayanganj Green & Resilient Urban Development Project (NGRUDP) | ১৭০০.৯০ |






গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১০টি উন্নয়ন প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠান।







গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১০টি উন্নয়ন প্রকল্পের শুভ উদ্বোধন অনুষ্ঠান।



১ ডিসেম্বর ২০২৩ পাক পাঞ্জাতন সিটি জামে মসজিদের প্রথম জুমার নামাজ অনুষ্ঠিত হয়।



'নারায়ণগঞ্জ নগরীর গণপরিবহন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে Light Rapid Transit System স্থাপন' প্রকল্পটি বাস্তবায়ন বিষয়ে আগ্রহ প্রকাশ করে চীনের একটি সংস্থার প্রতিনিধিবৃন্দ মাননীয় মেয়রের সাথে সাক্ষাৎ করেন।





মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভীর সভাপতিত্বে নারায়ণগঞ্জ নগরীর জন্য সমন্বিত গণপরিবহন মহাপরিকল্পনার অগ্রগতি সভা অনুষ্ঠিত হয়।



পানি সরবরাহ কার্যক্রম বিষয়ে নাগরিক মতবিনিময় সভা।



ড্রেনেজ মাস্টার প্ল্যান বিষয়ে নাগরিক মতবিনিময় সভা।



# নগর পরিকল্পনা শাখা

বিগত ২৮ নভেম্বর ২০২৩ তারিখ জাপানের রাষ্ট্রদূত ও নারুতো নগরীর ৩৬ সদস্যবিশিষ্ট প্রতিনিধি ও ব্যবসায়ীবৃন্দ নারায়ণগঞ্জ নগরীতে শেখ রাসেল নগর পার্ক, সিদ্ধিরগঞ্জ খাল, ঐতিহাসিক হাজীগঞ্জ দূর্গ, আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন পরিদর্শন করেন।

এদিন এক বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে নগরবাসীর উপস্থিতিতে নগর ভবন প্রাঙ্গণে জাপানের ঐতিহ্যবাহী জাতীয় ফুল হিসেবে পরিচিত 'চেরি' বা 'সাকুরা' ফুল গাছ রোপণের ব্যবস্থা গ্রহণ করা হয়। তিন প্রজাতির মোট ২৯টি চেরি গাছের মধ্যে ইয়োকো প্রজাতির ১০টি, কানহি প্রজাতির ৯টি এবং মিয়াবি প্রজাতির ১০টি যা জাপানের রাষ্ট্রদূত, নারুতো নগরীর প্রতিনিধি ও ব্যবসায়ীবৃন্দ নগর ভবনের আঙ্গিনায় ১১টি এবং নারায়ণগঞ্জ সিটি কর্তৃপক্ষ ও কলরব কিন্ডারগার্টেন স্কুলের ৫ জন শিক্ষার্থীকে সাথে নিয়ে ১৮টি চেরি গাছ রোপণ করা হয়। সেইসাথে নগর ভবন সম্মুখস্থ নারায়ণগঞ্জ-নারুতো ফ্রেন্ডশিপ সিটির নিদর্শনস্বরূপ 'নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী বিপণী' শুভ উদ্বোধন করা হয়।

**নারায়ণগঞ্জ নগরীর আন্তর্জাতিক সম্মাননা অর্জন**

নারায়ণগঞ্জ নগরীকে বসবাসযোগ্য এবং পরিকল্পিত নগর গড়ে তোলার লক্ষ্যে নগরীর কার্বন নির্গমন হ্রাস, পরিবেশ প্রতিবেশ, জলবায়ু উন্নয়নে গৃহীত পদক্ষেপের কারণে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি প্রশমন এবং অভিযোজনে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ভূমিকার জন্য Global Covenant of Mayors (GCoM) ২০২৩ সালের আঞ্চলিক কর্মশালায় নারায়ণগঞ্জ নগরী বিশেষ সম্মাননা অর্জন করে। ICLEI South Asia সহ অন্যান্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানগুলোর সহায়তায় নারায়ণগঞ্জ নগরীতে চলমান এবং সমাপ্ত বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে নেট জিরো বাস্তবায়নের ভবিষ্যৎ রূপরেখা তুলে ধরা হয়। GCoM হল জলবায়ু নেতৃত্বের জন্য বৃহত্তম বৈশ্বিক জোট, যা ১২,৫০০টিরও বেশি শহর এবং স্থানীয় সরকারের প্রতিশ্রুতির উপর নির্মিত। এই শহরগুলি ৬টি মহাদেশ এবং ১৪৪টি দেশের সমন্বয়ে গঠিত ০৬ ডিসেম্বর ২০২৩ রাজধানী কাঠমন্ডুতে GCoM পৃথিবীর ১ বিলিয়নেরও বেশি মানুষের প্রতিনিধিত্বের মাধ্যমে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠানের বর্ণাঢ্য আয়োজন হয়। বৈশ্বিক টিমে নেপালের মাননীয় ডেপুটি প্রাইম মিনিষ্টার নারায়ণ কাজী শ্রেষ্ঠ, ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেট (নেপাল) ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেট (ভারত) Municipal Association of Bangladesh (MAB) এর প্রেসিডেন্ট জনাব দেওয়ান কামাল আহমেদ, GCoM অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিতিতে সাউথ এশিয়া এবং দক্ষিণ পূর্ব এশিয়ার ৪৮টি শহর এবং ভারত, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা ও বাংলাদেশসহ অংশগ্রহণকারী দেশসমূহের মধ্যে নারায়ণগঞ্জ, সুরাট, কোচি, পুনে, থিম্পু, জাকার্তা এই ৬ (ছয়)টি নগরীকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।

বাংলাদেশ থেকে একমাত্র নারায়ণগঞ্জ নগরী এই সম্মাননা অর্জন করেছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পক্ষে সিটি প্রোজেক্ট অফিসার দীপক ভৌমিক এই সম্মাননা গ্রহণ করেন।

**নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সম্পর্ক এর প্রথম বর্ষপূর্তি উদযাপন**

বিগত ২৯ মে ২০২৪ তারিখ আলী আহম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনে জাপানের রাষ্ট্রদূতসহ ৩০ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দলের উপস্থিতিতে নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সম্পর্কের প্রথম বর্ষপূর্তি



উদ্‌যাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে জাপানের নারুতো নগরীর মেয়র ভিডিও বার্তায় দুই নগরীর পারস্পরিক সম্পর্ক উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা এবং ভবিষ্যতে নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় করার লক্ষ্যে একযোগে কাজ করার অঙ্গীকার করেন। এ অনুষ্ঠানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক দুই নগরীর মৈত্রী সম্পর্কের পটভূমি ও গৃহীত বিভিন্ন কর্মকাণ্ডের উপরে একটি মাল্টিমিডিয়া উপস্থাপনা করা হয়।

অনুষ্ঠানে Bangladesh IKEBANA Association এর পক্ষ থেকে উপস্থিত অতিথিদেরকে ইকেবানা (IKEBANA) তৈরির কৌশল শিখানো হয় ও জাপানের ঐতিহ্যবাহী চা Sadou তৈরি করা হয় এবং উপস্থিত অতিথিদেরকে চা এবং মিষ্টি দিয়ে আপ্যায়ন করা হয়। জাপানি সাংস্কৃতিক দল (Japanese Cultural Band Bajna Beat), নারায়ণগঞ্জ খেলাঘরের শিশুশিল্পী ও মুসুবু স্কুলের শিক্ষার্থীদের পরিবেশনায় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে দুই দেশের গান ও নৃত্য পরিবেশনা করা হয়। সেইসাথে প্রথম বিশ্বযুদ্ধের পটভূমির উপর নির্মিত জাপানি ঐতিহাসিক চলচ্চিত্র "Baeuto no gakuen-Ode to joy" প্রদর্শন করা হয়।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন আগামী ২০ বছর সময়সীমাকে বিবেচনা করে একটি পরিকল্পিত, পরিচ্ছন্ন, সবুজ, পরিবেশবান্ধব, স্বাস্থ্যসম্মত এবং দারিদ্র্যমুক্ত নগরী হিসেবে গড়ে তোলার জন্য বিভিন্ন মেয়াদী নগর উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে। বিভিন্ন মেয়াদের নগর উন্নয়ন পরিকল্পনার তালিকা উল্লেখ করা হলো:

**৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা:**

১. শীতলক্ষ্যা নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের সংযোগ স্থাপনের জন্য উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে ৫নং ঘাট এলাকায় সংশোধিত প্রায় ৭৩৫ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় ঘধৎধুধহমধহল এৎববহ্ জবংরষরবহঃ ঢৎনধহ উবাবষড়ঢ়সবহঃ চৎড়লবপঃ (ঘএজটউচ) একটি বিনিয়োগ প্রকল্পের মাধ্যমে বিদ্যমান পানি সরবরাহ ব্যবহার উন্নয়ন সম্প্রসারণ এবং শীতলক্ষ্যা নদীর উপর ০২(দুই) লেনবিশিষ্ট সেতু নির্মাণ করা হবে। এই প্রকল্পটি ২০১৮ সালে জাতীয় নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হয়। প্রস্তাবিত সেতুটির দৈর্ঘ্য হবে ১৩৮৫ মিটার এবং প্রস্থ ৩০০ মিটার। এই সেতুটি নারায়ণগঞ্জ নগরীর প্রাণকেন্দ্রের সাথে কদমরসুল অঞ্চলের যোগাযোগকে সহজ করবে;

২. সবুজ এবং পরিকল্পিত নগর গড়ে তোলার জন্যে সমন্বিত ড্রেনেজ মাস্টার প্ল্যান প্রণয়নসহ ড্রেন নির্মাণ, জলাধার সংরক্ষণ এবং সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যা চলমান আছে;

৩. নগরীর বিদ্যমান ছোট, বড় ও মাঝারি সড়কসমূহ সম্প্রসারণ, পুনঃনির্মাণ এবং বর্ধিত করাসহ প্রয়োজনীয় ব্রিজ ও কালভার্ট নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে;

৪. থ্রি-আর (হ্রাসকরণ, পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন) বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে কার্বনমুক্ত, পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলা। এছাড়া কদমরসুল অঞ্চলে লক্ষণখোলা ও ধামগড় এলাকায় বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রায় ৭০ একর অধিগ্রহণের কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে;

৫. নারায়ণগঞ্জ নগরীর পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষে সমন্বিত পরিবহন মহাপরিকল্পনা প্রণয়ন করার কার্যক্রম চলমান রয়েছে;



৬. নারায়ণগঞ্জ নগরীর রেলস্টেশন, বাসটার্মিনাল ও লঞ্চ টার্মিনালের সমন্বয়ে মাল্টিমোডাল হাব নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা (ঋবধংরনরষরঃ ঝঃঁফু) চলমান রয়েছে;
৭. স্বাস্থ্যসম্মত নগরী গড়ে তোলার জন্যে শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা;
৮. সুপেয় পানি সরবরাহের জন্যে পানি সরবরাহ ব্যবস্থা উন্নত করা;
৯. সিটি কর্পোরেশনের নাগরিক সুবিধা নিশ্চিত করার জন্যে তথ্য-প্রযুক্তির উন্নয়ন সাধনের মাধ্যমে সকল কার্যক্রম অটোমেশন করা;
১০. দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচীর পরিধি সম্প্রসারণ করা;
১১. যানজট নিরসনে নতুন বাস টার্মিনাল, ট্রাক টার্মিনাল নির্মাণ সহ আধুনিক ও উন্নত গণপরিবহন ব্যবস্থা চালু করার উদ্যোগ নেয়া;
১২. সিটি কর্পোরেশনের আয় বৃদ্ধির জন্যে নিজস্ব ভূমিতে মার্কেট এবং ফ্ল্যাট নির্মাণ করা এবং কাঁচা বাজারসমূহের উন্নয়ন করা;
১৩. কালচারাল এবং হেরিটেজ পার্কসহ বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণ করা;
১৪. স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কমিউনিটি ক্লিনিক, নগর হাসপাতাল এবং এ্যাম্বুলেন্স সার্ভিস বৃদ্ধি করা;
১৫. প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানসহ মেডিকেল কলেজ, টেকনিক্যাল কলেজ এবং আর্ট কলেজ প্রতিষ্ঠা করা। ইতোমধ্যে কলরব স্কুল ও অপরাজিতা নগর বিদ্যালয় এর নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে;
১৬. নারায়ণগঞ্জ নগরীতে বিদ্যমান ঐতিহাসিক স্থানসমূহ সংস্কার, সৌন্দর্যবর্ধন ও সংরক্ষণের উদ্যোগ নেয়া;
১৭. নারীর ক্ষমতায়নের জন্য শিক্ষা এবং কর্মসংস্থানের ব্যবস্থা করা;
১৮. সিটি কর্পোরেশনের সকল স্তরে সুশাসন নিশ্চিত করা;
১৯. নগরবাসীর বিনোদনের জন্য পার্ক, খেলার মাঠসহ গণপরিসর নির্মানের কার্যক্রম চলমান। আশা করা যাচ্ছে প্রায় ১৭০০ কোটি টাকা ব্যয়ে আগামী ২৪-২৫ অর্থ বছর কার্যক্রম শুরু হবে।

**১০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা:**

১. আধুনিক সুয়ারেজ সিস্টেম স্থাপন করে ড্রেনেজ সিস্টেমের আরও উন্নতি সাধন করা যাতে কোন প্রকার দূষিত পানি নদীতে পড়তে না পারে;
২. শীতলক্ষ্যা নদীর দুই পাড়ে ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-মুন্সিগঞ্জ সহাসড়কের সাথে সংযোগ স্থাপনকারী সার্কুলার রোড নির্মাণ করা।
৩. নারায়ণগঞ্জকে মেট্রো রেলের সাথে সংযুক্ত করে ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন সাধনপূর্বক যানজট মুক্ত নগরী গড়ে তোলা।
৪. শীতলক্ষ্যা নদীর উপর রোপওয়ে এবং ওয়াটার সার্কুলার সার্ভিস চালু করা।
৫. সিটি কর্পোরেশনের বিদ্যমান এলাকা সম্প্রসারণ করে নাগরিক সেবা প্রদান করা।

২০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা:

১. দুর্যোগের ঝুঁকি হ্রাস করার নিমিত্তে পানীয় জল হিসেবে ব্যবহারের জন্য ভুগর্ভস্থ পানি ব্যবহার



পরিহার করে সার্ফেস ওয়াটার ব্যবহারের জন্য আধুনিক পানি শোধণাগার নির্মাণ করা।

২. গৃহস্থালী এবং পয়ঃনিষ্কাশনের বর্জ্যযুক্ত পানি শতভাগ পরিশোধন করে নদীতে নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা।

৩. ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের জন্য সমন্বিত ইটিপি স্থাপন করা এবং এ জন্য সমন্বিত পরিকল্পনা প্রনয়ণ করা।

৪. পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা।

৫. শতভাগ শিল্প এবং গৃহস্থালি বর্জ্য পরিশোধনের জন্য সমন্বিত ইটিপি এবং পরিশোধনাগার স্থাপন করা।

৬. শীতলক্ষ্যা নদীর পানি দূষণ ও দখলমুক্ত করে শীতলক্ষ্যা নদীর পাড়ে সবুজায়ন করা।






নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সম্পর্কের প্রথম বর্ষপূর্তি অনুষ্ঠান।



নগরভবন প্রাঙ্গণে বাংলাদেশে প্রথমবারের মতো জাপানের ঐতিহ্যবাহী সাকুরা রোপণ।



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে কাইকম সল্যুশন লি. ও বাংলাদেশ বিমানের মধ্যে একটি চুক্তি স্বাক্ষর।




নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী চুক্তির আওতায় পরিচালিত ভাষা শিক্ষা কোর্সে উত্তীর্ণ ১৭ জন জব ভিসায় চূড়ান্তভাবে নির্বাচিত।





নারায়ণগঞ্জ-নারুতো বন্ধুত্বপূর্ণ সভা।



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সফরে জাপান পার্লামেন্টের তিন এমপি।



জাইকা চিফ রিপ্রেজেন্টেটিভ বাংলাদেশ অফিসের ইসিগুচি তোমাহিডি সিদ্ধিরগঞ্জ লেকে বৃক্ষরোপণ করেন।






নারায়ণগঞ্জ-নারুতো মৈত্রী সাংস্কৃতিক অনুষ্ঠান।





যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক নগরীতে Strong Cities Network কর্তৃক আয়োজিত ৪র্থ বৈশ্বিক সম্মেলন ২০২৩ এ মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী।



নদীতে
শিল্প দূষণ রোধে
করণীয় শীর্ষক
মতবিনিময় সভা।




বন্ধু ফাউন্ডেশন
কর্তৃক আয়োজিত
বৃক্ষরোপণ কর্মসূচিতে
মাননীয় মেয়র
ডা. সেলিনা হায়াৎ
আইভী।



কার্বন নির্গমন হ্রাস,
পরিবেশ-প্রতিবেশ,
জলবায়ু উন্নয়নে গৃহীত
পদক্ষেপ, দুর্যোগজনিত
ক্ষয়-ক্ষতি প্রশমন এবং
অভিযোজনে নারায়ণগঞ্জ
সিটি কর্পোরেশনের
ভূমিকার জন্য Global
Covenant of
Mayors (GCoM) for
Engery & Climate
থেকে নারায়ণগঞ্জ নগরীকে
আন্তর্জাতিক সম্মাননা
প্রদান করা হয়।






# প্রস্তাবিত
# কদমরসুল সেতু




## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ
ই-মেইল : info@ncc.gov.bd ফোন : +৮৮ ০২ ২২৪৪৩৩৪২৩
ওয়েবসাইট : www.ncc.gov.bd